# BENGALI

## PAPER—III

NOTE: This paper is of two hundred (200) marks containing four (4) sections. Candidates are required to attempt the questions contained in these sections according to the detailed instructions given therein.

नोट : यह प्रश्नपत्र दो सौ (200) अंकों का है एवं इसमें चार (4) खंड है। अभ्यर्थियों को इन में समाहित प्रश्नों का उत्तर अलग दिये गये विस्तृत निर्देशों के अनुसार देना है।

নোট : এই প্রশ্নপত্র দুশো (200) নম্বরের এবং এতে চারটি (4) খণ্ড আছে। পরীক্ষার্থীদের উত্তরগুলি যথাস্থানে প্রদত্ত নির্দেশানুসারে দিতে হবে।

www.examrace.com

## SECTION - I

**এই খণ্ডে নিম্নলিখিত অনুচ্ছেদটি অবলম্বনে পাঁচটি (5) প্রশ্ন আছে। প্রতিটি প্রশ্নের উত্তর ত্রিশটি (30) শব্দের মধ্যে দিতে হবে। প্রতি প্রশ্নের নম্বর পাঁচ (5)।**

**(5x5=25)**

ছাত্রেরা গড়িয়া উঠিতেছে ; ভাবের আলোকে, রসের বর্ষণে তাদের প্রাণকোরকের গোপন মর্মস্থলে বিকাশবেদনা কাজ করিতেছে। প্রকাশ তাদের মধ্যে থামিয়া যায় নাই ; তাদের মধ্যে পরিপূর্ণতার ব্যঞ্জনা। সেইজন্যই সৎগুরু ইহাদিগকে শ্রদ্ধা করেন, প্রেমের সহিত কাছে আহ্বান করেন, ক্ষমার সহিত ইহাদের অপরাধ মার্জনা করেন এবং ধৈর্যের সহিত ইহাদের চিত্তবৃত্তিকে ঊর্ধ্বের দিকে উদ্ঘাটন করিতে থাকেন। ইহাদের মধ্য পূর্ণমনুষ্যত্বের মহিমা প্রভাতের অরুণরেখার মতো অসীম সম্ভাব্যতার গৌরবে উজ্জ্বল, সেই গৌরবের দীপ্তি যাদের চোখে পড়ে না, যারা নিজের বিদ্যা, পদ বা জাতির অভিমানে ইহাদিগকে পদে পদে অবজ্ঞা করিতে উদ্যত, তারা গুরুপদের অযোগ্য। ছাত্রদিগকে যারা স্বভাবতই শ্রদ্ধা করিতে না পারে ছাত্রদের নিকট হইতে ভক্তি তারা সহজে পাইতে পারিবে না। কাজেই ভক্তি জোর করিয়া আদায় করিবার জন্য তারাই রাজদরবারে কড়া আইন ও চাপরাশওয়ালা পেয়াদার দরবার করিয়া থাকে।

ছাত্রদিগকে কড়াশাসনের জালে যাঁরা মাথা হইতে পা পর্যন্ত বাঁধিয়া ফেলিতে চান তাঁরা অধ্যাপকদের যে কত বড়ো ক্ষতি করিতেছেন সেটা যেন ভাবিয়া দেখেন। পৃথিবীতে অল্পলোকই আছে নিজের অন্তরের মহৎ আদর্শ যাহাদিগকে সত্যপথে আহ্বান করিয়া লইয়া যায়। বাহিরের সঙ্গে ঘাত-প্রতিঘাতের ঠেলাতেই তারা কর্তব্য সম্বন্ধে সতর্ক হইয়া থাকে। বাহিরের সঙ্গে বোঝাপড়া আছে বলিয়াই তারা আত্মবিস্মৃত হইতে পারে না।

www.examrace.com

এইজন্যই চারিদিকে যেখানে দাসত্ব মনিবের সেখানে দুর্গতি, শূদ্র যেখানে শূদ্র ব্রাহ্মণের সেখানে অধঃপতন। কঠোর শাসনের চাপে ছাত্রেরা যদি মানবস্বভাব হইতে ভ্রষ্ট হয়, সকলপ্রকার অপমান দুর্ব্যবহার ও অযোগ্যতা যদি তারা নির্জীবভাবে নিঃশব্দে সহিয়া যায়, তবে অধিকাংশ অধ্যাপকদিগকেই তাহা অধোগতির দিকে টানিয়া লইবে। ছাত্রদের মধ্যে অবজ্ঞার কারণ তাঁরা নিজে ঘটাইয়া ভুলিয়া তাহাদের অবমাননার দ্বারা নিজেকে অহরহ অবমানিত করিতে থাকিবেন। অবজ্ঞার ক্ষেত্রে নিজের কর্তব্য কখনোই কেহ সাধন করিতে পারে না।

1. **পূর্ণতার ব্যঞ্জনা** - কথাটির অর্থ কি ?

www.examrace.com

2. ছাত্রদের প্রতি অধ্যাপকের কিরূপ আচরণ প্রত্যাশিত ?

3. কোন অবস্থায় ছাত্র বিক্ষোভ কাম্য ?

www.examrace.com

4. ছাত্র কিভাবে অধ্যাপকের অধোগতির কারণ হতে পারে ?

5. কারা গুরুপদের অযোগ্য ?

www.examrace.com

## SECTION - II

এই খণ্ডে পনেরোটি (15) প্রশ্ন আছে। প্রতিটি প্রশ্ন পাঁচ (5) নম্বরের। উত্তর ত্রিশ (30) শব্দের মধ্যে দিতে হবে।

6. চর্যাপদ রচনার কারণ কি ? কারা কখন চর্যাগীতি রচনা করেছিলেন ?

(5x15=75)

7. মুকুন্দের চণ্ডীমঙ্গলে কালকেতু গুজরাট নগরপত্তনে কাদের আহ্বান করেছিল এবং তাদের কি প্রতিশ্রুতি দিয়েছিল ?



www.examrace.com

8. **দরিয়ার** পরিচয় দিন এবং আখ্যানের অগ্রগতিতে তার ভূমিকা নির্দেশ করুন।

9. কৃষ্ণকান্তের **উইল** উপন্যাসে একটি জলাশয়ের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। সেই জলাশয়ের নাম উল্লেখ করে তার গুরুত্ব নির্দেশ করুন।

www.examrace.com

10. বিলাসবতী কে ? তার চরিত্রের বিশেষত্ব কোথায় ?

11. "এই পৃথিবীতে কে কাহার" - উক্তিটি কার ? কোন গল্পে কী প্রসঙ্গে উক্তিটি করা হয়েছে ?

www.examrace.com

12. **“ছবি ও ছন্দে তোমারি দালালি করিছে স্বভাব কবি”** - পংক্তিটি কোন কবির কোন কাব্যের কোন কবিতায় আছে ? এখানে স্বভাব কবি কাদের বলা হয়েছে ?

13. **চেনামহল** উপন্যাসে অরুণ নিজেকে জীবন্মৃত বলেছে কেন ?

www.examrace.com

14. মাতৃহীন গল্পে উল্লেখিত বিলেতের লাইব্রেরীটির বর্ণনা দিন।

15. খল্লিদংস্বামীর নিত্যকর্ম পদ্ধতি কিরূপ ছিল ?

www.examrace.com

16. দেবীগর্জন নাটকে ধর্মগোলা বলতে কী বুঝিয়েছে ?

17. বাঙালী জীবনে রমণী গ্রন্থ অনুসরণে মাঘমণ্ডল ব্রতের একটি বর্ণনা দিন।

www.examrace.com

18. আমরা ও তাহারা গ্রন্থের সর্বশেষ কথায় রবীন্দ্রনাথ ও শরৎচন্দ্রের কোন কোন রচনার উল্লেখ রয়েছে ?

19. বিভাব কাকে বলে ? বিভাগের সঙ্গে অনুভাবের পার্থক্য বুঝিয়ে দিন।

www.examrace.com

20. বাংলা বিশেষ্য ও সর্বনাম পদের রূপ এবং ব্যবহারগত পার্থক্য বুঝিয়ে দিন।

---

## SECTION - III

**এই খণ্ডে প্রত্যেক ঐচ্ছিক বিষয় থেকে পাঁচটি (5) করে প্রশ্ন আছে। পরীক্ষার্থীকে যে কোনো একটি বিষয় বেছে নিয়ে, তারই পাঁচটি (5) প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের পূর্ণমান বারো (12), এবং প্রতিটি প্রশ্নের শব্দসংখ্যা দুশো (200)।** **(12x5=60)**

### বিভাগ - 1

21. মনসামঙ্গল কাব্য-এর সৃষ্টিতত্ত্ব বর্ণনায় পুরাণের প্রভাব সম্পর্কে আলোচনা করুন।

22. অভিজ্ঞান শকুন্তলম্ নাটকের চতুর্থ অংকের অনুবাদে বিদ্যাসাগরের মূলানুগত্য ও স্বকীয়তার পরিচয় দিন।

23. মধুসূদনের শর্মিষ্ঠা নাটকে সংস্কৃত নাট্যরীতির প্রভাব নির্ণয় করুন।

24. 'প্রাচীন সাহিত্য গ্রন্থের মেঘদূত প্রবন্ধটি যতখানি কালিদাসের তার চেয়ে বেশি রবীন্দ্রনাথের' - আলোচনা করুন।

25. 'সংস্কৃত সাহিত্যের আলোচনায় বঙ্কিমচন্দ্র ও বলেন্দ্রনাথের বিষয় এক হলেও দৃষ্টিভঙ্গি পৃথক।' উপযুক্ত উদাহরণসহ বিষয়টি বুঝিয়ে দিন।

### বিভাগ - II

21. মেঘনাদবধ কাব্য-এর দেবদেবী পরিকল্পনার গ্রীক প্রভাব বিষয়ে আপনার অভিমত দিন।



www.examrace.com

22. রবীন্দ্রকাব্যে শেলী এবং কীট্স এর প্রভাব নিরূপণ করুন।

23. অমৃতলালের নাটকে মলিয়ারের প্রভাবে সম্পর্কে আলোচনা করুন।

24. শরৎচন্দ্রের কথাসাহিত্যে চার্লস ডিকেন্স এর প্রভাবের পরিমাপ করুন।

25. বঙ্কিমচন্দ্রের প্রবন্ধে মিল ও বেন্হামের চিন্তাধারার কতোখানি প্রতিফলন পরিলক্ষিত হয়?

## বিভাগ - III

21. লোকভাষার বিচারে বাংলার লোকসাহিত্যকে ক'টি শ্রেণীতে ভাগ করা যায় ? কোন্ শ্রেণীটি সর্বাধিক সমৃদ্ধ এবং কেন ?

22. 'প্রবাদ লোকশিক্ষার একটি শক্তিশালী মাধ্যম' - দৃষ্টান্ত সহযোগে আলোচনা করুন।

23. 'সমাজে নারীর অবস্থান ছড়াগুলির মধ্যে বিশ্বস্ত রূপে অঙ্কিত হয়েছে।' উক্তিটির যথার্থ বিচার করুন।

24. টুসুগানে নারীমনের যে পরিচয় পরিস্ফুট হয়েছে তা লিপিবদ্ধ করুন।

25. 'অসামাজিক প্রণয় লোকসঙ্গীতের একটি অপরিহার্য উপাদান' - আলোচনা করুন।

## বিভাগ - IV

21. 'পুরাতন নামে এ একখানা নতুন গ্রন্থ ।' - ইন্দিরা উপন্যাস সম্পর্কে বঙ্কিমচন্দ্রের এই মন্তব্যের গ্রহণযোগ্যতা বিচার করুন।

22. প্রাচীন পুথি সম্পাদনার ক্ষেত্রে যেসব বাধার সম্মুখীন হতে হয়, সেগুলি চিহ্নিত করুন।

23. বিসর্জন রাজর্ষির নাট্যরূপ। কিন্তু এই রূপান্তর গ্রহণ বর্জন ব্যাতিরেকে নয়া - আলোচনা করুন।

24. 'সার্থক পুথি সম্পাদনার জন্য শুধু লিপি বিশারদ হলে চলে না, ভাষা বিশারদও হতে হয়' - মন্তব্যটির যথার্থতা বিচার করুন।

25. পুষ্পিকা কাকে বলে ? পুথিতে পুষ্পিকা কোথায় থাকে ? পুথি সম্পাদনায় পুষ্পিকার গুরুত্ব সম্পর্ক আলোচনা করুন।

## বিভাগ - V

21. 'বাংলাছন্দে সংস্কৃত ছন্দের ধ্বনিগুণও ছন্দোহিল্লোল আনা খুবই দুরূহ।' - অভিমতটি পর্যালোচনা করে আপনার মতামত ব্যক্ত করুন।

22. 'পয়ার একটি ছন্দ আকৃতির নাম, ছন্দ প্রকৃতির নাম নয়।' - সমালোচকের এই মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করুন।

23. বাংলা মাত্রাবৃত্ত ছন্দের উৎকর্ষ বিধানে রবীন্দ্রনাথের দান সম্পর্কে আলোচনা করুন।

24. 'এই ছন্দের প্রধানগুণ এই যে, ইহাতে ভাব ছন্দকে অনুসরণ করে না, ছন্দই ভাবকে অনুসরণ করে' - কোন ছন্দ সম্পর্কে একথা প্রযোজ্য ? সেই ছন্দের আনুপূর্বিক পরিচয় দিন।

25. স্বরবৃত্তের ছন্দের উৎকর্ষ বিধানে সত্যেন্দ্রনাথ দত্তের দান সম্পর্কে আলোচনা করুন।

www.examrace.com

## SECTION - IV

এই খণ্ডে নিম্নলিখিত যে কোনো বিষয় অবলম্বনে ন্যূনাধিক এক হাজার (1000) শব্দের মধ্যে প্রবন্ধ রচনা করতে হবে। প্রবন্ধটির পূর্ণমান চল্লিশ (40)।

(40x1=40 )

26. (A) বিশ্বায়ন ও বাংলাসাহিত্য

(B) প্রজন্ম ব্যবধান ও বাংলাসাহিত্য

(C) বাংলা উপন্যাস ও কর্মরতা নারী

www.examrace.com

## FOR OFFICE USE ONLY

**Marks Obtained**

| Question Number | Marks Obtained | Question Number | Marks Obtained | Question Number | Marks Obtained | Question Number | Marks Obtained |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | | 26 | | 51 | | 76 | |
| 2 | | 27 | | 52 | | 77 | |
| 3 | | 28 | | 53 | | 78 | |
| 4 | | 29 | | 54 | | 79 | |
| 5 | | 30 | | 55 | | 80 | |
| 6 | | 31 | | 56 | | 81 | |
| 7 | | 32 | | 57 | | 82 | |
| 8 | | 33 | | 58 | | 83 | |
| 9 | | 34 | | 59 | | 84 | |
| 10 | | 35 | | 60 | | 85 | |
| 11 | | 36 | | 61 | | 86 | |
| 12 | | 37 | | 62 | | 87 | |
| 13 | | 38 | | 63 | | 88 | |
| 14 | | 39 | | 64 | | 89 | |
| 15 | | 40 | | 65 | | 90 | |
| 16 | | 41 | | 66 | | 91 | |
| 17 | | 42 | | 67 | | 92 | |
| 18 | | 43 | | 68 | | 93 | |
| 19 | | 44 | | 69 | | 94 | |
| 20 | | 45 | | 70 | | 95 | |
| 21 | | 46 | | 71 | | 96 | |
| 22 | | 47 | | 72 | | 97 | |
| 23 | | 48 | | 73 | | 98 | |
| 24 | | 49 | | 74 | | 99 | |
| 25 | | 50 | | 75 | | 100 | |

Total Marks Obtained (in words) ....................................

(in figures) ....................................

Signature & Name of the Coordinator ...............................

(Evaluation) Date ...............................

www.examrace.com